# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪০

২. সুন্নাহ (كتاب السنة)

পরিচ্ছেদঃ ১) কুরআন ও সুন্নাহর অনুসরণের প্রতি উৎসাহ দান

الترغيب في اتباع الكتاب والسنة

আরবী

(صحيح) عن ابن عباس أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَطَبَ النَّاسَ فِيْ حَجَّةِ الْوَدَاعِ فقال إِنَّ الشيطانَ قَدْ يَئِسَ أَنْ يُعْبَدَ بِأَرْضِكُمْ ولكِنْ رَضِيَ أَنْ يُطاَعَ فِيْما سِوَى ذٰلِكَ مِمَّا تَحاَقَرُوْنَ مِنْ أَعْمالِكُمْ فَاحْذَرُوْا إِنِّي قَدْ تَرَكْتُ فِيْكُمْ ما إِنِ اعْتَصَمْتُمْ بِهِ فَلَنْ تُضِلُّوْا أَبداً كِتاَبَ اللهِ وسُنَّةَ نَبِيِّهِ. (رواه الحاكم وقال صحيح الإسناد)

বাংলা

৪০. (সহীহ্) ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ্ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বিদায় হজ্জে মানুষের সামনে এ খুতবা প্রদান করেন, তিনি বলেনঃ

“নিশ্চয় শয়তান এ মর্মে নিরাশ হয়ে গেছে যে, তোমাদের এ যমীনে কেউ তার দাসত্ব করবে না। কিন্তু তারপরও সে একথার উপরই সন্তুষ্ট যে, তোমাদের ছোটখাট তুচ্ছ বিষয়ে তার আনুগত্য করা হবে। সুতরাং তোমরা সাবধান থেকো। নিশ্চয় আমি তোমাদের মাঝে এমন বস্তু ছেড়ে যাচ্ছি- তোমরা যদি উহা আঁকড়ে ধরে থাক তবে কখনই পথভ্রষ্ট হবে না। আর তা হল আল্লাহর কিতাব ও তাঁর নবীর সুন্নাত।”

(হাদীছটি হাকেম বর্ণনা করে বলেন: সনদ সহীহ্।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87800

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন